রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৩ আশ্বিন ১৪১৩/৮ অক্টোবর ২০০৬

এস, আর, ও নং ২৪১-আইন/২০০৬।—Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976) এর section 109 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা ঢাকা মেট্রোপলিটন পুলিশ (সংগঠন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা** ঃ—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধ্যাদেশ" অর্থ Dhaka Metropolitan Police Ordinance, 1976 (Ordinance No. III of 1976);

(খ) "অতিরিক্ত কমিশনার" অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার;

(গ) "অধঃস্তন কর্মকর্তা" অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের ইন্সপেক্টর, সার্জেন্ট, সাব-ইন্সপেক্টর, এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর, হেড কনষ্টেবল, নায়েক বা কনষ্টেবল;

(ঘ) "ইন্সপেক্টর" অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশের ইন্সপেক্টর এবং ক্ষেত্রমত সহকারী পুলিশ কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে।


মূল্য ঃ টাকা ৪.০০

(ঙ) "উপ-কমিশনার" অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার এবং ক্ষেত্রমত, যুগ্ম-পুলিশ কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(চ) "উর্ধ্বতন কর্মকর্তা" অর্থ ঢাকা মেট্রোপলিটন পুলিশে কর্মরত সহকারী পুলিশ কমিশনার ও তদূর্ধ্ব কর্মকর্তা;

(ছ) "কমিশনার" অর্থ অধ্যাদেশের ধারা ৭(১) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার;

(জ) "কর্তৃপক্ষ" অর্থ পুলিশ কমিশনার বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন উর্দ্ধতন কর্মকর্তা;

(ঝ) "থানা" অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898) এর section 4 (1) (S) এর অধীন সরকার কর্তৃক ঘোষিত এবং নির্ধারিত এলাকা যাহা প্রধানতঃ পুলিশের তদন্ত ইউনিট;

(ঞ) "ফৌজদারী কার্যবিধি" অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898);

(ট) "সহকারী কমিশনার" অর্থ অধ্যাদেশের ধারা ৭(২) এর অধীন নিযুক্ত ঢাকা মেট্রোপলিটন পুলিশের সহকারী পুলিশ কমিশনার এবং ক্ষেত্রমত, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনারও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন বিভাগ ও শাখাসমূহ।**—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য ইহা নিম্নরূপ বিভাগে বিভক্ত হইবে, যথা ঃ—

(ক) হেডকোয়ার্টার্স বিভাগ;

(খ) অপরাধ বিভাগ (উত্তর);

(গ) অপরাধ বিভাগ (দক্ষিণ);

(ঘ) অপরাধ বিভাগ (পূর্ব);

(ঙ) অপরাধ বিভাগ (পশ্চিম);

(চ) ডিটেকটিভ বিভাগ;

(ছ) ট্রাফিক বিভাগ (উত্তর);

(জ) ট্রাফিক বিভাগ (দক্ষিণ);

(ঝ) দাঙ্গা দমন বিভাগ (উত্তর);

(ঞ) দাঙ্গা দমন বিভাগ (দক্ষিণ);

(ট) দাঙ্গা দমন বিভাগ (পূর্ব);

(ঠ) দাঙ্গা দমন বিভাগ (পশ্চিম);

(ড) প্রটোকল, প্রতিরোধ এবং সরবরাহ বিভাগ ঃ

তবে শর্ত থাকে যে, ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর প্রশাসনিক এলাকাসমূহ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে পরিবর্তন করা যাইবে না।

(২) অপরাধ বিভাগগুলি একাধিক জোনে বিভক্ত হইবে এবং প্রত্যেক জোনের অধীন একাধিক থানা থাকিবে এবং কতিপয় থানার অধীন পুলিশ আউট পোষ্ট এবং কিছু থানা এলাকায় পুলিশ বক্সও থাকিবে।

(৩) ট্রাফিক বিভাগগুলি একাধিক জোনে বিভক্ত হইবে।

(৪) ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর নিম্নরূপ তিনটি বিভাজন থাকিবে, যথা ঃ—

(ক) সশস্ত্র পুলিশ;

(খ) নিরস্ত্র পুলিশ; এবং

(গ) টাউন ও ট্রাফিক পুলিশ।

(৫) সশস্ত্র পুলিশের সদস্যগণ এসএএফ, আরমিডি এবং চ্যান্সেরী ও সচিবালয়সহ প্রোটেকশন ইউনিটের সহিত সংযুক্ত থাকিবে এবং তাহারা সেকশন, প্লাটুন ও কোম্পানীতে বিভক্ত থাকিবে।

(৬) এস এএফ ও আরসিডি এর সদস্যগণ, প্রয়োজনে অস্ত্র ব্যবহারের মাধ্যমে শান্তি প্রতিষ্ঠায় মূল চালিকাশক্তি হিসাবে কাজ করিবে এবং তাহারা নিম্নরূপ দায়িত্ব পালন করিবে, যথা ঃ—

(ক) প্রহরা, এসকর্ট ও নিরাপত্তা;

(খ) বিশেষ ক্ষেত্রে, নগরীর বিশেষ বিশেষ এলাকায় টহল।

(৭) চ্যান্সেরী ফোর্স যখন কূটনৈতিক ব্যক্তিত্ব ও নির্ধারিত কূটনৈতিক এলাকার নিরাপত্তার দায়িত্ব পালন করিবে তখন প্রোটেকশন ইউনিটের সদস্যগণ প্রধানতঃ ভিআইপি ও ভিআইপিগণের প্ররক্ষার কাজে ব্যবহৃত হইবে।

(৮) বাংলাদেশ সচিবালয়ের নিরাপত্তার দায়িত্ব প্রোটেকশন ইউনিটেন উপর ন্যস্ত থাকিবে।

(৯) নিরস্ত্র পুলিশের সদস্যগণ আদালত, ডিটেকটিভ ব্রাঞ্চ, থানা, পুলিশ আউট পোষ্ট এবং পুলিশ বক্সে ন্যস্ত হইবে এবং তাহারা মূলতঃ সাধারণ আইন শৃঙ্খলা রক্ষা এবং অপরাধীদের প্রতিরোধ সনাক্তকরণের কাজে থানা ও পুলিশ আউট পোষ্টে ন্যস্ত হইবে।

(১০) টাউন এবং ট্রাফিক শাখার সদস্যগণকে পুলিশ আউট পোস্টে নিযুক্ত করা যাইবে, তবে তাহাদিগকে মূলতঃ ট্রাফিক নিয়ন্ত্রণের কাজে নিযুক্ত করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রয়োজনে, তাহাদিগকে আইন শৃঙ্খলা রক্ষার কাজে ব্যবহার করা যাইবে।

৪। **ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর পরিচালনা ও নিয়ন্ত্রণ**।—(১) ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর পরিচালনা ও নিয়ন্ত্রণ কমিশনারের উপর ন্যস্ত থাকিবে।

(২) উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে, কমিশনার তাহার উপর অধ্যাদেশের অধীন অর্পিত দায়িত্ব, অন্যূন, সহকারী কমিশনার পদমর্যদার কোন কর্মকর্তার উপর অর্পণ করিতে পারিবেন।

(৩) কমিশনার তাহার উপর অধ্যাদেশের অধীন অর্পিত নিম্নে উল্লিখিত দায়িত্ব নিজে পালন করিবেন, যথা ঃ—

(ক) অধ্যাদেশের অধ্যায় ৫ এর অধীন পুলিশ প্রবিধান প্রণয়ন;

(খ) অতিরিক্ত কমিশনার বা উপ-কমিশনার এর নির্দেশে গুলি চালনার কোন ঘটনার নির্বাহী তদন্ত;

(গ) ফৌজদারী কার্যবিধির ধারা ১২৯ ও ১৩০ এর অধীন বেআইনী সমাবেশ দমনে সামরিক বাহিনীর সহায়তা কামনা;

(ঘ) অতিরিক্ত কমিশনার এবং উপ-কমিশনার এর বার্ষিক গোপনীয় রিপোর্ট এবং বিশেষ রিপোর্ট তৈরী।

(৪) ঢাকা মেট্রোপলিটন পুলিশ এর বিভিন্ন বিভাগ, জোন, থানা, আউট পোষ্ট ও পুলিশ বক্স নিম্নে তৎবিপরীতের উল্লিখিত পদমর্যাদার কর্মকর্তার অধীনে পরিচালিত হইবে, যথা ঃ—

| ক্রমিক নং | নাম | কর্মকর্তার পদবী |
|---|---|---|
| (১) | বিভাগ | উপ-কমিশনার |
| (২) | জোন | সহকারী কমিশনার |
| (৩) | থানা | ইন্সপেক্টর |
| (৪) | আউট পোষ্ট | টাউন সাব-ইন্সপেক্টর/সার্জেন্ট |
| (৫) | পুলিশ বক্স | সার্জেন্ট/হেড কনস্টেবল |

৫। **ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাদের পদবী।**—ঢাকা মেট্রোপলিটন পুলিশের কর্মকর্তাদের পদবী নিম্নরূপ হইবে, যথা ঃ—

| ক্রমিক নং | পদবী |
|---|---|
| ১ | ২ |
| (১) | পুলিশ কমিশনার |
| (২) | অতিরিক্ত পুলিশ কমিশনার |
| (৩) | যুগ্ম-পুলিশ কমিশনার |
| (৪) | উপ-পুলিশ কমিশনার |
| (৫) | অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার |
| (৬) | সহকারী পুলিশ কমিশনার |
| (৭) | ইন্সপেক্টর (সশস্ত্র, নিরস্ত্র, টাউন ও ট্রাফিক পুলিশ) |
| | **সশস্ত্র পুলিশ** |
| (৮) | সশস্ত্র সাব-ইন্সপেক্টর |
| (৯) | হেড কনস্টেবল |
| (১০) | নায়েক |
| (১১) | কনস্টেবল |

নিরস্ত্র পুলিশ

| ১ | ২ |
|---|---|
| (১২) | সাব-ইন্সপেক্টর |
| (১৩) | এ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর |
| (১৪) | হেড কনস্টেবল |
| (১৫) | কনস্টেবল |
| | টাউন ও ট্রাফিক পুলিশ |
| (১৬) | সার্জেন্ট/টাউন সাব-ইন্সপেক্টর |
| (১৭) | হেড কনস্টেবল। |

৬। **ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভিন্ন বিভাগে ফোর্স সরবরাহ।**—ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিভাগসমূহে বন্টনকৃত ফোর্স হইতে বিভিন্ন থানা, পুলিশ আউট পোষ্ট, পুলিশ বক্স, কোর্ট, ট্রাফিক ডিউটি, ভিভিআইপি, ভিআইপি, বৈদেশিক কূটনীতিকবৃন্দের নিরাপত্তা এবং আইন-শৃংখলার দায়িত্ব পালনের জন্য পুলিশ সদস্যদিগকে সরবরাহ করা হইবে।

৭। **কতিপয় শাখায় কর্মরত পুলিশ সদস্য কর্তৃক দাপ্তরিক কার্যসম্পাদন।**—রিজার্ভ অফিস, কোর্ট, জোনাল অফিস বা থানার সহিত যুক্ত পুলিশ সদস্যবৃন্দ তাহাদের অন্যান্য দায়িত্বের মধ্যে দাপ্তরিক কাজও পরিচালনা করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাহাঙ্গীর হোসেন চৌধুরী**
উপ-সচিব (পুলিশ)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।